



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 4th Semester Examination, 2023

GE2-P2-BENGALI
NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও: ৩×৪ = ১২
- (ক) মাত্রা কাকে বলে? মাত্রা কয় প্রকার ও কী কী?
- (খ) স্বরবৃত্ত ছন্দ কাকে বলে? রবীন্দ্রনাথ ঠাকুর এই ছন্দকে কী নামে অভিহিত করেছেন?
- (গ) শ্লেষ অলংকার কাকে বলে? শ্লেষ অলংকার কয় প্রকার ও কী কী?
- (ঘ) ‘ঘন বনতলে এসো ঘন নীল বসনা’ — উদাহরণটি কোন্ অলংকার ব্যাখ্যাসহ লেখ।
- (ঙ) ভাটিয়ালি সঙ্গীত মূলত কোন্ অঞ্চলে প্রচলিত? অঞ্চলভেদে ভাটিয়ালি সুরের কয়টি ‘ধাঁচ’ আছে ও কী কী?
- (চ) ‘বোলান’ শব্দের অর্থ কী? পশ্চিমবঙ্গের কোন্ কোন্ অঞ্চলে বোলান গান প্রচলিত আছে?
- ২। নিম্নলিখিত যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও: ৬×৪ = ২৪
- (ক) পর্ব কাকে বলে? পর্বের শ্রেণীবিভাগ কর? পর্বের বৈশিষ্ট্য ও গুরুত্ব লেখ।
- (খ) ছন্দলিপি প্রস্তুত কর:
- (অ) কে মেরেছে কে ধরেছে কে দিয়েছে গাল।
তাইতো খুকু রাগ করেছে ভাত খায়নি কাল॥
- (আ) রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।
- (গ) উপমা ও রূপক অলংকার কাকে বলে? উপমা ও রূপক অলংকারের পার্থক্য লেখ?
- (ঘ) অলংকার নির্ণয় কর:
- (অ) বাজিল বনে বাঁশের বাঁসরী
বনে বনে বাজাইছে বনবিহারী।
- (আ) আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত প্রভাতরশ্মি সম।
- (ঙ) প্রবাদ ও ধাঁধার পার্থক্য লেখ।
- (চ) ভাটিয়ালি গানের বৈশিষ্ট্য লেখ।
- ৩। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও: ১২×২ = ২৪
- (ক) মাত্রাবৃত্ত ছন্দ কাকে বলে? মাত্রাবৃত্ত ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ ব্যাখ্যা কর।
- (খ) যমক ও শ্লেষ অলংকার সম্পর্কে আলোচনা কর।
- (গ) উদাহরণসহ সংজ্ঞা দাও:
অনুপ্রাস, বক্রোক্তি, উৎপ্রেক্ষা, ব্যতিরেক
- (ঘ) লোকসংস্কৃতির উদ্ভব ও তার পরিচয় দাও।

—x—